

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
www.shibganj.chapainawabganj.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৭০৮৮.০০০.০৬.০০৮.১৯-১৯৬

তারিখ : ১৮/০২/২০১৯ খ্রিস্টাব্দ

ফেরীঘাট ইজারা বিজ্ঞপ্তি

চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলাধীন নিম্নোক্ত ফেরীঘাটসমূহ বাংলা ১৪২৬ সনের জন্য ইজারা বন্দোবস্ত প্রদানের উদ্দেশ্যে সর্বসাধারণের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের শর্তসম্মিলিত ফরম/ সিডিউল দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। দরপত্রসমূহ দরপত্র দাখিলের নির্ধারিত দিন সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাঞ্চে ফেলা যাবে এবং ঐদিন বেলা ৩.০০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরদাতাকে খামের উপর ফেরীঘাটের নাম উল্লেখ করতে হবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র ফরম/ সিডিউল বিক্রয় করা হবে না। নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক ১ম তারিখে যে সমস্ত ফেরীঘাটের সর্বোচ্চ দর অনুমোদিত হবে না, ২য় তারিখে শুধুমাত্র সে সমস্ত ফেরীঘাটের জন্য দরপত্র গ্রহণ করা হবে। ২য় তারিখে যে সমস্ত ফেরীঘাটের সর্বোচ্চ দর অনুমোদিত হবে না, ৩য় তারিখে শুধুমাত্র সে সমস্ত ফেরীঘাটের জন্য দরপত্র গ্রহণ করা হবে। এভাবে একই নিয়মে পরবর্তী তারিখসমূহের দরপত্র গ্রহণ করা হবে। এজন্য আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি জারি করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

ক্র. নং	ফেরীঘাটের নাম	ইউনিয়নের নাম	বাংলা ১৪২৬ সনের সম্ভাব্য মূল্য	ফরম/সিডিউলের মূল্য	দরপত্র দাখিলের তারিখ
১।	ঘোড়াপাখিয়া ফেরীঘাট	ছত্রাজিতপুর	৬০,৫০০/-	৫০০/-	
২।	জাহাঙ্গীরপাড়া ফেরীঘাট	ছত্রাজিতপুর	৩,৮৩,০৯৯/-	১,৪০০/-	১ম-০৬/০৩/১৯ খ্রিস্টাব্দ
৩।	চকঘোড়াপাখিয়া ফেরীঘাট	ছত্রাজিতপুর	৩,৮৬,৮৭০/-	১,৪০০/-	২য়-২০/০৩/১৯ খ্রিস্টাব্দ
৪।	নারায়নপুর ফেরীঘাট	ছত্রাজিতপুর	৭,১৫,০০০/-	২,২০০/-	৩য়-০৩/০৪/১৯ খ্রিস্টাব্দ
৫।	বহরম ফেরীঘাট	ঘোড়াপাখিয়া	৫৭,২০০/-	৫০০/-	৪র্থ- ১৭/০৪/১৯ খ্রিস্টাব্দ
৬।	আঠারো কলম ফেরীঘাট	ঘোড়াপাখিয়া	৫৫,৫৫০/-	৫০০/-	৫ম-১৫/০৫/১৯ খ্রিস্টাব্দ
৭।	মোহনপুর ফেরীঘাট	ঘোড়াপাখিয়া	১,৫৪,০০০/-	১,০০০/-	৬ষ্ঠ-১৯/০৬/১৯ খ্রিস্টাব্দ
৮।	ক) পাঁকা ফেরীঘাট খ) উজিরপুর রাখাকাতপুর ফেরীঘাট	পাঁকা উজিরপুর	২২,০০,০০০/- ১১,০০,০০০/- ৩৩,০০,০০০/-	৭,২০০/-	৭ম-১৭/০৭/১৯ খ্রিস্টাব্দ ৮ম-২১/০৮/১৯ খ্রিস্টাব্দ ৯ম-১৮/০৯/১৯ খ্রিস্টাব্দ
৯।	ক) লক্ষীপুর ফেরীঘাট খ) হাসানপুর ফেরীঘাট গ) নিউ পদ্মা ফেরীঘাট	পাঁকা দুর্লভপুর পাঁকা	৪৯,৫০,০০০/- ৪৯,৫০,০০০/- ৩৪,১০,০০০/- ১,৩৩,১০,০০০/-	২৭,৪০০/-	১০ম-১৬/১০/১৯ খ্রিস্টাব্দ ১১শ-২০/১১/১৯ খ্রিস্টাব্দ ১২শ-১৮/১২/১৯ খ্রিস্টাব্দ ১৩শ-১৫/০১/২০ খ্রিস্টাব্দ
১০।	উমরপুর ফেরীঘাট	শ্যামপুর	৩,৫২,৮২৫/-	১,৪০০/-	
১১।	বটতলা ফেরীঘাট	শ্যামপুর	৩,৯৬,৭৭০/-	১,৪০০/-	
১২।	নাককাটিতলা ফেরীঘাট	ধাইনগর	৩,৪২,৪০৯/-	১,৪০০/-	
১৩।	ধাইনগর ফেরীঘাট	ধাইনগর	৯,৭৪,৬০০/-	২,৬০০/-	
১৪।	ভাণ্ডা ফেরীঘাট	শাহাবাজপুর	১০,০২১/-	৫০০/-	

(টোথুরী রওশন ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার

শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ

ফোন-০৭৮২৫-৭৫০০৭

e-mail: unoshibganjchapainawabganj@mopa.gov.bd

চলমান পৃষ্ঠা-২